



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস বিজ্ঞপ্তি/২০২২/১৫৭১

২৯ মার্চ ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে সেবা প্রদান প্রতিশ্রুতি অবহিতকরণ ও
দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সভা অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সিটিজেন চার্টার প্রণয়ন কমিটির উদ্যোগে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা এবং নৈতিকতা কমিটির উদ্যোগে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক নলেজ শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২৯ মার্চ ২০২৩) বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে আয়োজিত সভা সমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন নোবিপ্রবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, আইআইটি পরিচালক ও এপিএ টিম লিডার, নোবিপ্রবি- অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, সোনাপুর ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব মোঃ মোয়াজ্জেম হুসাইন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নোবিপ্রবি আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মুহাম্মদ আলমগীর সরকার ও অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব সাখাওয়াত হোসেন।

অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, 'যে কোনো ধরনের অনিয়মের ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে। কর্মক্ষেত্রে সততা এবং ন্যায়-নীতির সাথে চলতে হবে। বিবেক এবং মূল্যবোধের মাধ্যমে জীবন অতিবাহিত করতে হবে। দুর্নীতি প্রতিরোধে সকলকে আত্মনিয়ন্ত্রণের ক্ষমতা অর্জন করতে হবে। মূল্যবোধ বজায় রেখে দেশের সেবায় নিজেকে নিয়োজিত করতে হবে। এক্ষেত্রে নোবিপ্রবিতেও অত্যন্ত সচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। আমরা যে যার অবস্থান থেকে সঠিকভাবে অর্পিত দায়িত্ব ও কর্তব্যগুলো পালন করলে প্রতিষ্ঠান ভালোভাবে চলবে। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু'। অনুষ্ঠানের সার্বিক সহযোগীতায় ছিল জাতীয় গুদ্রাচার কৌশল বাস্তবায়ন কমিটি, নোবিপ্রবি।

R. Nader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।